Website: www.bb.org.bd


**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা ।**


১৩ অক্টোবর ২০২০

**বিআরপিডি সার্কুলার নং- ১৮** তারিখ:------------------

২৮ আশ্বিন ১৪২৭

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**ব্যাংকে কর্মরত কর্মকর্তাদের পদোন্নতি নীতিমালায় ব্যাংকিং ডিপ্লোমা, ১ম পর্ব ও**
**২য় পর্বের জন্য নির্দিষ্ট নম্বর অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।**

দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) কর্তৃক ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য দুই পর্বে ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা আয়োজন করা হয়। উক্ত পরীক্ষার মূল উদ্দেশ্য হলো ব্যাংকিং খাত সংশ্লিষ্ট মৌলিক জ্ঞান অর্জনের মাধ্যমে ব্যাংকারদের সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা বৃদ্ধি করা। তাছাড়া, ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা ব্যাংকিং সংক্রান্ত জ্ঞান লাভের পাশাপাশি ব্যাংক কর্মকর্তাদের পেশাগত উৎকর্ষ অর্জনেও সহায়ক ভূমিকা রাখে।

২। বর্ণিত বিষয়াবলী বিবেচনায় ব্যাংকিং খাতে অধিকতর দক্ষ ও প্রায়োগিক জ্ঞানসম্পন্ন কর্মকর্তা তৈরীর লক্ষ্যে আপনাদের ব্যাংকের বিদ্যমান পদোন্নতি নীতিমালায় নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অন্তর্ভুক্ত করে সংশোধিত পদোন্নতি নীতিমালা প্রণয়নের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলোঃ

(ক) অফিসার ও সমমানের পদ হতে মহাব্যবস্থাপক ও সমমানের (প্রধান নির্বাহীর অব্যবহিত নিচের এক স্তর ব্যতীত অন্যান্য সকল কর্মকর্তা, যে নামেই অভিহিত হোক না কেন) পদ পর্যন্ত প্রতিটি ধাপে পদোন্নতির ক্ষেত্রে বরাদ্দকৃত মোট নম্বরের মধ্যে ব্যাংকিং ডিপ্লোমা, ১ম পর্ব (JAIBB) ও ব্যাংকিং ডিপ্লোমা, ২য় পর্ব (DAIBB) পরীক্ষার জন্য একটি নির্দিষ্ট নম্বর বরাদ্দ রাখতে হবে;

(খ) ব্যাংকিং ডিপ্লোমা, ২য় পর্ব (DAIBB) পরীক্ষার জন্য নির্ধারিত নম্বর কোনভাবেই ১ম পর্ব (JAIBB) এর জন্য নির্ধারিত নম্বরের চেয়ে কম হতে পারবে না;

(গ) উল্লিখিত শর্তাবলী টেকনিক্যাল পদ (আইটি কর্মকর্তা, ডাক্তার, ইঞ্জিনিয়ার, আইন কর্মকর্তা ইত্যাদি) এবং ক্যাশ এ কর্মরত কর্মকর্তাদের ক্ষেত্রে শিথিল করা যাবে; এবং

(ঘ) এ সংক্রান্ত নীতিমালা আপনাদের ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হতে হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২